দৈনিক ইত্তেফাক

তারিখ 24 NOV 2017
পৃষ্ঠা ১ কলাম ১

# পিইসির প্রশ্নে ভুল অস্তিত্বহীন শিক্ষা কর্মকর্তাকে বরখাস্ত

■ বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকম

প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার প্রশ্নে ভুলের ঘটনায় এক শিক্ষা কর্মকর্তাকে বরখাস্ত করেছে সরকার, যদিও খোঁজ করে তার কোনো অস্তিত্ব পাওয়া যায়নি। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক মো. আবু হেনা মোস্তফা কামাল বৃহস্পতিবার বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকমকে বলেন, প্রশ্নে ভুলের ঘটনায় গাইবান্ধার সাদুল্লাপুর উপজেলার আব্দুল মান্নান নামে একজন সহকারী শিক্ষা কর্মকর্তাকে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সাময়িক বরখাস্ত করেছে। মন্ত্রণালয়ের আদেশে বলা হয়েছে, "গাইবান্ধার সাদুল্লাহপুরের সহকারী উপজেলা শিক্ষা কর্মকর্তা মো. আব্দুল মান্নানকে সরকারি কর্মচারী বিধিমালা অনুযায়ী অসদাচরণের অভিযোগে ২৩ নভেম্বর থেকে সাময়িক পৃষ্ঠা ১২ কলাম ২

## পিইসির প্রশ্নে ভুল

প্রথম পৃষ্ঠার পর

বরখাস্ত করা হল।"

গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব মোহাম্মদ আসিফ-উজ-জামানের স্বাক্ষরে ওই আদেশে বলা হয়, সাময়িক বরখাস্তকালীন বিধি মোতাবেক 'সাময়িক ভাতা' পাবেন আব্দুল মান্নান। মন্ত্রণালয় বরখাস্ত করলেও সাদুল্লাপুরের শিক্ষা কর্মকর্তা বলছেন, ওই নামে কোনো শিক্ষা কর্মকর্তা সেখানে নেই। চলমান প্রাথমিক শিক্ষা সমাপনীর সিলেট অঞ্চলের ইংরেজি ভার্সনের বাংলাদেশ ও বিশ্ব পরিচিতি বিষয়ের পরীক্ষার প্রশ্নপত্রে অন্তত অর্ধ শতাধিক ভুল ধরা পড়ে।

গণশিক্ষা মন্ত্রণালয়ের একজন কর্মকর্তা নাম প্রকাশ না করার শর্তে বলেন, "জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ) প্রাথমিক সমাপনীর প্রশ্নপত্র প্রণয়ন করে। সহকারী শিক্ষা কর্মকর্তা আব্দুল মান্নান বাংলাদেশ ও বিশ্ব পরিচিতি বিষয়ের ইংরেজি ভার্সনের প্রশ্নটি বাংলা থেকে ইংরেজিতে অনুবাদের দায়িত্বে ছিলেন বলে নেপ থেকে মন্ত্রণালয়কে জানানো হয়।" "নেপের দেওয়া তথ্যের ভিত্তিতেই আব্দুল মান্নানকে বরখাস্ত করা হয়েছে।"